দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 1 8 JUN 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

# চবির ২৯৫ কোটি টাকার বাজেট পাস

চবি সংবাদদাতা ॥ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান বলেছেন 'বিশ্ববিদ্যালয়গুলোকে অভ্যন্তরীণ নিজস্ব আয় বৃদ্ধি করতে হবে। এজন্য এডহক ও মাস্টাররোলে ঢালাও নিয়োগ বন্ধ করে ব্যয় সংকোচন করতে হবে। কারণ সরকারের পক্ষে বিশ্ববিদ্যালয়ের চাহিদামাফিক বরাদ্দ দেয়া সম্ভব হয় না।' শনিবার বেলা ১১টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যায়ের (চবি) ২৯তম সিনেট অধিবেশনে তিনি এ মন্তব্য করেন। ড. এ আর মল্লিক ভবনের (প্রশাসনিক ভবন) সভাকক্ষে অনুষ্ঠিত এ সিনেট সভায় চবির ২০১৭-১৮ অর্থবছরের জন্য ২৯৫ কোটি ২০ লাখ টাকার বাজেট পাস করা হয়। এর আগে চবি উপাচার্য সভাপতির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের গত একবছরের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড এবং প্রশাসনিক বিভিন্ন উদ্যোগের বিষয়ে আলোকপাত করেন। এরপরই বাজেট পেশ করেন চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. কামরুল হুদা। পরে সভাপতির বক্তব্য ও বাজেটের ওপর আলোচনা করতে গিয়ে ইউজিসি চেয়ারম্যান আরও বলেন, 'বিশ্ববিদ্যালয় হলো গবেষণার মৌলিক জায়গা।